ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

**BENGALI**

**1 September 2026** **7:45 PM IST**

==========================================================

(১) আপার আসামের বন্যায় ক্ষতিগ্রস্ত তিনটি জেলার ১৬ হাজার ৭৪৬টি পরিবারের জন্য রাজ্য সরকারের ২৫ কোটি ১২ লক্ষ টাকা মঞ্জুর/

(২) মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা প্রকল্পের আওতায় ৪৮ হাজার ১৮৮ জন শিক্ষার্থীকে আর্থিক সাহায্য প্রদান/

(৩) অবিরাম বৃষ্টিপাতের ফলে আজ গুয়াহাটি মহানগরের দুটি স্থানে ভূমিধ্বস/ চারজনের প্রাণহানি/

(৪) শিলচরের নাথ ছাত্রাবাস প্রাঙ্গণে সাংসদ এলাকা উন্নয়ন তহবিলের অর্থে রাজ্যসভার সদস্য কণাদ পুরকায়স্থের পণ্ডিত রাজমোহন নাথ কলাক্ষেত্রের ভবন নির্মাণের শিলান্যাস/

(৫) বদরপুরের রেল কলোনিতে আজ সংঘটিত একটি অগ্নিকাণ্ডে দুটি বাড়ি ভস্মীভূত/

রাজ্য সরকার উন্নয়ন, আত্মনির্ভরশীলতা এবং জনকল্যাণের নিদর্শনকে সামনে রেখে আজ একসঙ্গে তিনটি পদক্ষেপের উদ্বোধন করেছেন। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ লোকসেবা ভবনে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠান থেকে প্রত্যক্ষ লাভ হস্তান্তর ব্যবস্থায় আপার আসামের বন্যায় ক্ষতিগ্রস্ত শিবসাগর, চরাইদেউ এবং যোরহাট জেলার সাহায্য লাভের থেকে বাদ পড়া পরিবারসমূহকে আজ রাজ্য সরকার ১৫ হাজার টাকা করে প্রদান করেছে। এই পর্যায়ে ১৬ হাজার ৭৪৬টি পরিবারকে অর্ন্তভুক্ত করা হয়েছে। তাদের জন্য ২৫ কোটি ১২ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। অনুষ্ঠানে শিবসাগর এবং চরাইদেউর অরুণোদয় সুবিধাপ্রাপকরা আগামী ১০ সেপ্টেম্বর থেকে দুহাজার টাকা করে লাভ করবে বলে ঘোষণা করা হয়েছে।

একই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা প্রকল্পের অধীনে সরকারী এবং প্রাদেশীকৃত শিক্ষাপ্রতিষ্ঠানের সদ্য স্নাতক হওয়া ছাত্রছাত্রীদের জন্য আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। প্রথম পর্যায়ে চার মাসের জন্য এই সাহায্য প্রদান করা হয়েছে। ৪৮ হাজার ১৮৮ জন যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে এক বছরের জন্য আড়াই হাজার টাকা করে প্রদান করা হবে। এই প্রকল্পের জন্য ২০২৬-২৭ অর্থবর্ষের জন্য ১১৮ কোটি ৬০ লক্ষ টাকা ধার্য করা হয়েছে।

এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর বিশ্ব পর্যায়ের মানব প্রতিভার জন্যে বিদেশী ভাষা প্রকল্প- সি এম ফ্লাইটের সংশোধিত নীতি অনুসারে প্রথম কিস্তির অর্থও প্রদান করা হয়েছে। প্রথম পর্যায়ে দুশো জন যুবক-যুবতী এই প্রকল্পের দ্বারা উপকৃত হবে। প্রকল্পটির অধীনে যোগ্য প্রার্থীরা দেড়লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা এবং রাজ্যের যুবক-যুবতীদের বিদেশে চাকরি লাভের জন্য সহায়তা করার জন্য যাবতীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

........................................................................

এদিকে হাইলাকান্দির জেলা আয়ুক্ত জয় বিকাশ আজ জেলার ছাত্র-ছাত্রীদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে মূখ্যমন্ত্রী জীবন প্রেরনা প্রকল্প এবং সি এম ফ্লাইট প্রকল্পের সূচনা প্রত্যক্ষ করেন । ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ছাত্র-ছাত্রী ও প্রশাসনিক আধিকারীরা প্রকল্পগুলির উদ্বোধন প্রত্যক্ষ করার পাশাপাশি প্রকল্পগুলির উদ্দেশ্য , সুযোগ-সুবিধা এবং সম্ভাব্য উপকারিতা সর্ম্পকে অবগত হয়েছেন ।

.................................................................................................

আপার আসামের বেশকয়েকটি জেলায় পুনরায় বন্যার আশংকা দেখা দিয়েছে । নাগাল্যান্ডে হওয়া প্রবল বৃষ্টিপাতের ফলে ভোগদৈ নদীর জলস্তর পুনরায় বৃদ্ধি পেয়েছে । গতকাল বিকেলে ভোগদৈ নদীর জলপৃষ্ঠ ৮৯ দশমিক ১-৪ সেন্টিমিটার হয়েছে । জনসম্পদ বিভাগের তথ্য অনুসারে ভোগদৈ সেতুর কাছে নদীটির জলপৃষ্ঠ বিপদসীমার ১৪ সেন্টিমিটার উপরে প্রবাহিত হয়েছে । যারজন্যে পুনরায় যোরহাটের নদী তীরবর্তী লোকেরা চিন্তিত হয়ে পড়েছেন। আজ সকাল থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে মুষলধারে বৃষ্টি হওয়ার ফলে বিভিন্ন অঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে । ইতিমধ্যে বন্যাবিধ্বস্ত চরাইদেউ, শিবসাগর এবং যোরহাট জেলায় জেলা প্রশাসন পুনরায় হাই এলার্ট জারি করেছে । নাগাল্যান্ডের দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রকাশ করা বিবৃতির উপর ভিত্তি করে গত ৩০শে আগস্ট থেকে দোসরা সেপ্টেম্বর অর্থাৎ আগামীকাল পর্যন্ত সবাইকে সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে ।

.................................................................................................

শ্রীভূমি পূর্ত বিভাগের রামকৃষ্ণ নগর সড়ক ডিভিশন শাখার সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে সিংলা নদীর জলস্তর

আশংকাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় জনস্বার্থ ও জননিরাপত্তার কথা বিবেচনা করে আনিপুর বাজারে নির্মিত অস্থায়ী এস পি টি সেতুটি সব ধরনের যান চলাচলের জন্য বন্ধ করা হয়েছে । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত , এই সেতু দিয়ে সবধরনের যান চলাচল সম্পূর্ন বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

................................................................................................................

রাজ্য সরকার আপার আসামের তিনটি বন্যা বিধ্বস্ত জেলার আত্মসহায়ক গোষ্ঠীর মহিলাদেরকে পুনরায় দশ হাজার টাকা করে প্রদান করবে । জেলাগুলির ক্ষতিগ্রস্ত লোকেদের অরুণোদয় প্রকল্পের অর্ন্তভুক্ত করার জন্যেও সরকার চেষ্টা চালাবে । শিবসাগরের বিধায়ক তথা রাইজর দল'এর সভাপতি অখিল গগৈকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই আশ্বাস দিয়েছেন । এছাড়া গতসন্ধ্যায় জনতা ভবনে শিবসাগরের বিধায়ককে মখ্যমন্ত্রী ডঃ শর্মার সঙ্গে সাক্ষাৎ করার সময় তিনি এই আশ্বাস দিয়েছেন ।

................................................................................................................

অবিরাম বৃষ্টিপাতের ফলে আজ গুয়াহাটি মহানগরের দুটি স্থানে হওয়া ভূমিস্খলনে চারজনের মৃত্যু হয়েছে । মড়ঘরীয়াতে সংঘটিত ভূমিধ্বসের ফলে একই পরিবারের তিনজনের মৃত্যু হয়েছে । বৃষ্টিপাতের ফলে পাহাড়ের মাটি খসে পড়ার ফলে পরিবারটির নগেন রাজবংশী, চুনি রাজবংশী এবং মীনা রাজবংশী নামের তিনজনের মৃত্যু হয় । স্থানীয় জনসাধারণ এবং পুলিশ ঘটনাস্থলে ঘটনাস্থলে গিয়ে মৃতদেহগুলি উদ্ধার করেছে । বিধায়ক ডঃ তপন দাস ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতির খোঁজখবর নেন এবং মৃত ব্যক্তিদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেছেন । গুয়াহাটি পৌর নিগমের আয়ুক্ত চিন্ময় প্রকাশ ফুকন ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতির খোঁজ নেন । এদিকে সাতগাওয়ের তালতলে সংঘটিত দ্বিতীয়টি ভূমিধ্বসের ঘটনায় একজন

মহিলার মৃত্যু হয়েছে । পাহাড় থেকে পাথর খসে পড়ায় পি সুমিত্রা নামের মহিলাটির মৃত্যু হয়েছে ।

এদিকে আজকের অবিরাম বৃষ্টিপাতের ফলে গুয়াহাটি মহানগরের বেশকয়েকটি অঞ্চল জলমগ্ন হয়েছে ।

---

নেপালের বিধ্বংসী বন্যায় মৃত লোকের সংখ্যা ৯৮৭ তে বৃদ্ধি পেয়েছে । অবিরাম বৃষ্টিপাতের ফলে পাশ্ববর্তী দেশের মধ্য দিয়ে বয়ে যাওয়া বেশকয়েকটি নদীর জলস্তর বৃদ্ধি পাবার ফলে উদ্ধার অভিযানে জটিলতা দেখা দিয়েছে । নেপালে বন্যার পর থেকে ৫৮৩ জন বিদেশী নাগরিক ও সুরক্ষা কর্মীসহ প্রায় ৮ হাজার লোক সন্ধানহীন রয়েছেন । পাশ্ববর্তী দেশের জাতীয় দূর্যোগ প্রশমন ও ব্যাবস্থাপনা কর্তৃপক্ষ এপর্যন্ত প্রায় ১২ হাজার লোককে উদ্ধার করেছে ।

---

আসাম সরকার রাজ্যের ৩১২ টি পুলিশ থানার সীমা নতুন করে নির্ধারণ করেছে । রাজ্যের গৃহ বিভাগ তাৎক্ষণিকভাবে কার্যকর করার জন্য এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে । সরকারী বিজ্ঞপ্তি অনুসারে একটি থানা যাতে একটি বিধানসভা কেন্দ্রের সীমানায় অর্ন্তভুক্ত হয়, তারজন্য গত বছরে অনুষ্ঠিত পুলিশ সুপারদের সম্মেলনে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল । বিধানসভা এলাকা পুর্ননির্ধারণের পর থানার সীমানা নির্ধারণের প্রয়োজনীয়তা এসে পড়ায় সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করে । সেই অনুসারে ১২৬টি বিধানসভা কেন্দ্রের সঙ্গে সঙ্গতি রেখে ৩১২টি থানার সীমানা পরিবর্তন করা হয়েছে । প্রশাসনিক সুবিধা, আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখা এবং জনসাধারণের সেবার স্বার্থে সরকার থানাগুলির সীমানা নির্ধারণ করেছে বলে

জানিয়েছে । কোন্ গ্রাম অথবা কোন্ ওয়ার্ড কোন্ থানার আওতায় পড়বে, তার তালিকাও গৃহ বিভাগের পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে । উল্লেখ্য- পূর্বে একটি থানা দুই-তিনটি বিধানসভা কেন্দ্রের আওতায় থাকায় প্রশাসনিক পরিচালনার ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হচ্ছিল ।

.................................................................................................

শিলচরের নাথ ছাত্রাবাস প্রাঙ্গণে আজ সাংসদ এলাকা উন্নয়ন তহবিল থেকে বরাদ্দ অর্থে পন্ডিত রাজমোহন নাথ কলাক্ষেত্রের ভবন নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ ২৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মীয়মান ভবনের কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । মূখ্য অতিথির ভাষণে শ্রী পুরকায়স্থ বলেন যে নাথ যোগী  সম্মেলনী রাজ্যের নাথ সম্প্রদায়ের সামাজিক ,সাংস্কৃতিক ও শিক্ষাগত উন্নয়নের লক্ষ্যে কর্মরত একটি গুরুত্বপূর্ন সংগঠন । এই সংগঠন নাথ সম্প্রদায়ের ঐতিহ্য ,সংস্কৃতি ও মূল্যবোধ সংরক্ষণের পাশাপাশি সমাজের শিক্ষা ,ঐক্য ও সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলেও তিনি উল্লেখ করেন । অনুষ্ঠানে বড়খলার বিধায়ক কিশোর নাথ সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

.................................................................................................

শ্রীভূমি জেলার পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে । মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডক্টর জয়শ্রী চক্রবর্তী প্রদীপ প্রজ্বোলনের মাধ্যমে প্রতিষ্ঠা দিবসের সূচনা করেন । পরে মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন সময়ের সঙ্গে যুক্ত

ব্যাক্তিদের নিয়ে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে । উল্লেখ্য ২০১৭ সালের পয়লা সেপ্টেম্বর এরালিগুলে পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয় স্থাপিত হয়েছিল ।

......................................................................................................

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে নিউ হারেঙ্গাজাও রেল স্টেশনের সামনে এক ও দু নম্বর রেল রুটে সংস্কার কাজের জন্য কিছু ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে এবং কিছু ট্রেনের যাত্রার সময়সূচীর পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ১৫৬১৭ নম্বরের গুয়াহাটী -র্দূলভছড়া এক্সপ্রেস ট্রেন এবং ১৫৬১৮ নম্বরের র্দূলভছড়া-গুয়াহাটী এক্সপ্রেস ট্রেন আগামী বৃহস্পতিবার বাতিল করা হয়েছে ।

এছাড়া ১৫৬১৫ নম্বরের গুয়াহাটী-শিলচর এক্সপ্রেস ট্রেন আগামীকাল এবং ১৫৬১৬ নম্বরের শিলচর-গুয়াহাটী এক্সপ্রেস ট্রেন বাতিল করা করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ১৫৬৫০ নম্বরের নারেঙ্গী-আগরতলা এক্সপ্রেস ট্রেন আগামীকাল রাত সাড়ে ছটায় নারেঙ্গী থেকে ছাড়বে ।

......................................................................................................

হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৌশিক রাই আগামী বৃহস্পতিবার বেশকয়েকটি কার্যসূচী নিয়ে হাইলাকান্দি সফর আসছেন । সফরকালে তিনি হাইলাকান্দি সিভিল হাসপাতাল পরিদর্শন করে চিকিৎসা পরিষেবা ,পরিকাঠামো এবং রোগীদের জন্য উপলব্ধ বিভিন্ন সুযোগ সুবিধা খতিয়ে দেখা সহ হাসপাতালের বিভিন্ন সমস্যা ও উন্নয়নের প্রয়োজনীয় বিষয় নিয়েও সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে আলোচনা করবেন । এরপর অভিভাবক মন্ত্রী হাইলাকান্দি জেলা

পরিষদের সদস্যদের সঙ্গে একটি বৈঠকে অংশ নিয়ে জেলার গ্রমোন্নয়ন , বিভিন্ন সরকারী প্রকল্পের বাস্তবায়ন এবং জেলা পরিষদের অধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করবেন । এছাড়াও জেলা আয়ুক্তের কার্যালয়ে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

.........................................................................................................

শ্রীভূমি জেলার বদরপুর রেলওয়ে কলোনী এলাকায় আজ এক ভয়াবহ অগ্নিকান্ডে দুটি বসতবাড়ী সম্পূর্নরূপে পুড়ে ছাই হয়ে যায় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে অগ্নিকান্ডে একটি গ্যাস সিলিন্ডারের বিস্ফোরন হয়েছে । অগ্নি নির্বাপক বাহিনীর কয়েক ঘন্টার বিশেষ চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আসে । অগ্নি কান্ডের খবর পেয়ে বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ ঘটনাস্থলে পৌছান এবং ক্ষতিগ্রস্থ পরিবারগুলিকে সাহায্যের আশ্বাস দিয়েছেন ।

.........................................................................................................

ধলাই-র মাতৃভূমি কাপ নক আউট প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার কোয়াটার ফাইনালে প্রবেশ করেছে এস এস এম এম এফ সি কর্কট । প্রতিযোগীতার আজকের খেলায় এস এস এম এম এফ সি কর্কট ১-০ গোলের ব্যবধানে পানিসাগর মোকাম এফ সি দলকে পরাজিত করে । আজ খেলার ৫৪ মিনিটে একমাত্র গোল করেন ইমানুয়েল । আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন অঞ্জু ।

স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় জামালপুর এফ সি এবং আয়ান এফ সি লোকনাথপুর পরস্পরের মূখোমূখি হবে ।